গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম (এমআইএস)
স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
www.dghs.gov.bd

স্মারকনং- স্বাঃঅধিঃ/এমআইএস-জাতীয় শুদ্ধাচার/২০২১/ ০৪ | তারিখঃ ০২/ ০১ /২০২২ খ্রিঃ।

বিষয়: স্বাস্থ্য অধিদপ্তরাধীন "জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা" কমিটির ২০২১-২০২২ আর্থিক বছরের ২য় সভার কার্যবিবরণী:

সভাপতি: অধ্যাপক ডা: আহমেদুল কবীর, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর;
তারিখ ও সময়: ৩০/১২/২০২১খ্রি: সকাল ৯.৩০ ঘটিকা;
স্থান:মিনি সভাকক্ষ, স্বাস্থ্য অধিদপ্তর (নতুন ভবন), মহাখালী, ঢাকা।

উপস্থিত সদস্য/কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ক'।

সভার শুরুতে সভাপতি মহোদয় কমিটির সদস্যগণ সময়মত উপস্থিত না হওয়ায় অসন্তোষ প্রকাশ করেন। জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সদস্য-সচিব ডাঃ শাহ্ মোহাম্মদ জসিম উদ্দিন, উপ-পরিচালক,এমআইএস সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে সভায় অবহিত করেন যে, জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২১-২০২২-এর আলোকে অগ্রগতি সংক্রান্ত একটি সভা এবং স্বাস্থ্য অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি কমিটির অপর একটি সভা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। প্রথম সভায় পরিচালক/লাইন ডাইরেক্টরগণকে অথবা মনোনীত ফোকাল পার্সনদেরকে হালনাগাদ অগ্রগতিসহ আমন্ত্রণ জানানো হয়েছে এবং ২য় সভায় কমিটির সদস্যগণকে আমন্ত্রন জানানো হয়েছে। সভাপতি মহোদয় সংশ্লিষ্ট পরিচালক/লাইন ডাইরেক্টরগণকে উপস্থিত থাকা আবশ্যক বলে মন্তব্য করেন এবং প্রতিনিধি প্রেরণের বিষয়ে নাকচ করেন। কমিটির সদস্যগণকে সভার নোটিশ নিজ নিজ দপ্তরে বিশেষ বাহক মারফত পৌছানোর ব্যবস্থা করতে হবে বলে সদস্য-সচিবকে নির্দেশনা প্রদান করেন। জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সদস্য-সচিব ডা. শাহ্ মোহাম্মদ জসিম উদ্দিন, উপপরিচালক, এমআইএস জানান আগামী সভায় সভাপতি মহোদয়ের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। অতঃপর কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়ন অগ্রগতির জন্য আলোচনা শুরু করার জন্য সভাপতি মহোদয় আহবান জানান।

আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ:

| ক্রমিক নং | আলোচনারবিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন দায়িত্ব |
|---|---|---|---|---|
| ১. | প্রাতিষ্ঠানিক ব্যবস্থা---------------------------২২ | | | |
| ১.১ | নৈতিকতা কমিটিরসভা | প্রতি ৩ মাসে নৈতিকতা কমিটির একটি করে মোট বছরে মোট ৪টি সভা করার পরিকল্পনা রয়েছে। পরিকল্পনা মোতাবেক অদ্যকার সভা আহব্বান করা হয়। প্রতি কোয়র্টারে একটির বেশী সভা করার বিষয়ে সভাপতি মহোদয় সুপারিশ করেন এবং সরকারী ক্রয় বিষয়টি শুদ্ধাচার সংশ্লিষ্ট বিধায় পরিচালক, সিএমএসডিকে কমিটিতে সদস্য হিসেবে কো-অপ্ট করার জন্য বলেন। | প্রতি কোয়র্টারের মধ্যভাগে সভা আহব্বানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং একাধিক সভা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) পরিচালক, সিএমএসডি-কে কমিটির সদস্য হিসেবে কো-অপ্ট করে কমিটি সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য-সচিব/বিকল্প সদস্য-সচিব |
| ১.২ | নৈতিকতা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন | পরিকল্পনার আলোকে কমিটির সিদ্ধান্ত ১০০% ভাগ বাস্তবায়নের সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে মর্মে আলোচনা হয়। সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে এ বিষয়ে অধিকতর গুরুত্ব প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। | সকল পরিচালক/লাইন ডাইরেক্টরগণকে নিজ নিজ প্রতিষ্ঠানের অগ্রগতি ও কমিটির সিদ্ধান্ত ১০০% ভাগ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল পরিচালক/লাইন ডাইরেক্টরগণ |
| ১.৩ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) | দাপ্তরিক কাজে দক্ষতা বৃদ্ধি ও সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত বছরে অন্তত: ২টি সভা অনুষ্ঠানের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। | আগামী অক্টোবর/নভেম্বর, ২০২১ মাসে অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজনের | সদস্য-সচিব/বিকল্প সদস্য-সচিব |

| | | | | |
|---|---|---|---|---|
| | অংশগ্রহণে সভা | | ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ১.৪ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | ইতোমধ্যে এমআইএস কর্তৃক প্রশিক্ষণ মডিউলে শুদ্ধাচার বিষয়টি অন্তর্ভুক্ত করে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং এমআইএস-এর মাধ্যমে দুই কোয়ার্টারে ৮০ জনকে শুদ্ধাচার সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | প্রত্যেক অফিস প্রধান নিজ নিজ প্রশিক্ষণ মডিউলে শুদ্ধাচার বিষয়টি অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) পরিচালক, প্রশাসন<br>(২) সদস্য-সচিব |
| ১.৫ | কর্ম-পরিবেশ উন্নয়ন | কর্ম-পরিবেশ উন্নয়নে স্বাস্থ্য বিধি অনুসরণ/অফিস প্রাঙ্গনের সৌন্দর্য বৃদ্ধি/অকেজো যন্ত্রপাতি বা মালামাল বিনষ্টকরণ এর আওতায় করোনা কালীন সময়ে সকল দপ্তরে হ্যান্ড স্যানিটাইজার/হ্যান্ড ওয়াস/মাস্ক পরিধান/সাবান-পানির ব্যবস্থা করা ও অকেজো যন্ত্রপাতি বিধি মোতাবেক বিনষ্টকরণের পর্যাপ্ত ব্যবস্থা/সংস্থান রাখা হয়েছে। এমআইএস শাখার অকেজো যন্ত্রপাতির তালিকা প্রস্তুত করে নিলামের মাধ্যমে বিক্রয়ের অনুমতির জন্য মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে বলে উপপরিচালক, এমআইএসসভায় অবহিত করেন। | সকল দপ্তরে হ্যান্ড স্যানিটাইজার/হ্যান্ড ওয়াস/মাস্ক পরিধান/সাবান-পানির ব্যবস্থা করা ও অকেজো যন্ত্রপাতি বিধি মোতাবেক নিলাম/ বিনষ্টকরণের ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল পরিচালক ও লাইন ডাইরেক্টরগণ |
| ১.৬ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | স্বাস্থ্য অধিদপ্তরের ২০২১-২০২২ আর্থিক বছরের কর্ম-পরিকল্পনা প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং তা স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। কমিটির সদস্য-সচিব সভায় অবহিত করেন যে, স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইটে শুদ্ধাচার (NIS) Link এ এতদসংক্রান্ত তথ্যাদি দেয়া আছে | শুদ্ধাচার সম্পর্কিত পরিপত্র/নোটিশ/প্রতিবেদন/ সভার কার্যবিবরণী ইত্যাদি নির্ধারিত সময়ের মধ্যে ওয়েবসাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) পরিচালক, এমআইএস<br>(২) সদস্য-সচিব |
| ১.৭ | আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান | শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদানের লক্ষ্যে উপ-পরিচালক (পরিকল্পনা) এর নেতৃত্বে একটি কমিটি গঠণ ও গঠিত কমিটির মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা হয়। কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে কপি সকল পরিচালক/লাইন ডাইরেক্টরগণকে প্রদান করা হয়েছে মর্মে সভায় নৈতিকতা কমিটির সদস্য-সচিব অবহিত করেন। | পরিচালক (পরিকল্পনা ও গবেষণা) কমিটি গঠন করে সভাপতি মহোদয়কে অবহিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (পরিকল্পনা ও গবেষণা) |
| ১.৮ | শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মহা-পরিচালক মহোদয়কে সভাপতি ও পরিচালক (প্রশাসন) মহোদয়কে সদস্য-সচিব করে একটি কমিটি গঠন করা হয়েছে। শেখ মোঃ রজব আলী, পরিসংখ্যান কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ সভায় অবহিত করেন যে, গত অর্থ বছর (২০২০-২০২১) শেষ হওয়ায় এ বছরের জন্য পুরস্কার প্রদান করা যাবে না। | স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিধান থাকলেও অর্থ বছর অতিক্রান্ত হওয়ায় ২০২০-২০২১ অর্থ বছরের পুরস্কার প্রদান করা সম্ভব নয় মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় এবং আগামী জুন/২০২২ এর মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়। | পরিচালক (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | চলতি বছরের জন্য এখন থেকে ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি মত প্রদান করেন। | | |
| ২. | আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন---------------------------৮ | | | |
| ২.১ | ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ | পরিচালক, সিএমএসডি-র প্রতিনিধি সভায় অবহিত করেন যে, ২০২১-২০২২ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে ৩১/১০/২০২১ তারিখের মধ্যে প্রকাশ করার লক্ষ্যমাত্রা ছিল তা কতটুকু বাস্তবায়ন সম্ভব হয়েছে পরিচালক, পরিকল্পনা থেকে জেনে নিয়ে ২য় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত ছিল। পরিচালক, সিএমএসডি'র প্রতিনিধি জানান- সিএমএসডি'র মাধ্যমে ক্রয় পরিকল্পনা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ওয়েব পোর্টালে আপলোড করা আছে। | স্বাস্থ্য অধিদপ্তরের পরিকল্পনা শাখার ক্রয় পরিকল্পনা ওয়েব সাইটে যথাশীঘ্রই প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (পরিকল্পনা ও গবেষনা)/সদস্য-সচিব/বিকল্প সদস্য-সচিব |
| ২.২ | প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | PIC সভা সংক্রান্ত বিষয়ে আলোচনায় সভায় পরিচালক, পরিকল্পনা জানান যে, প্রথম কোয়ার্টারে ১টি পিএসসি সভা অনুষ্ঠিত হয়েছে। পরিকল্পনায় যে সভা আহবানের সংখ্যা দেয়া হয়েছে তা সংশোধন করা প্রয়োজন। | PSC ও PIC সভা নিয়মিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। কর্মপরিকল্পনা পুনঃসংশোধন পূর্বক সভাপতি মহোদয়ের অনুমোদক্রমে পুণরায় ওয়েসাইটে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) পরিচালক (পরিকল্পনা ও গবেষণা)<br>(২) সদস্য-সচিব |
| ২.৩ | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | পরিচালক (পরিকল্পনা ও গবেষণা) সভায় অবহিত করেন যে, আর্থিক বছরের শুরুতে কাজের বাস্তবায়ন হার কম হয়। কর্ম পরিকল্পনায় ২০% এর বিপরীতে সার্বিক অবস্থায় ১৫.৫০% অগ্রগতি হয়েছে বলে সভায় অবহিত করেন। | পরিকল্পনা মোতাবেক বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের জন্য সকলকে আরও তৎপর হওয়ার জন্য সভাপতি মহোদয় সকলকে নির্দেশনা প্রদান করেন। | পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল) |
| ২.৪ | প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি মোতাবেক হস্তান্তর করা | চলতি অর্থ বছরে কোন প্রকল্প শেষ হবে না মর্মে পরিচালক, পরিকল্পনা সভায় অবহিত করেন। | | পরিচালক, পরিকল্পনা ও গবেষণা |
| | শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কর্যক্রম---------২০ (অগ্রাধিকার ভিত্তিতে ন্যূনতম পাঁচটি কার্যক্রম) | | | |
| ৩.১ | শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন | কর্ম পরিকল্পনায় বর্ণিত স্বাস্থ্য প্রতিষ্ঠানে আগামী জানুয়ারী মাসেই চিঠি দিয়ে পরিদর্শন কাজ সম্পন্ন করার জন্য সভাপতি মহোদয় মত ব্যক্ত করেন এবং ৮টি বিভাগের যে কোন একটি বিভাগীয় অফিস পরিদর্শন করার বিষয়ে সভাপতি মহোদয় মত প্রকাকরেন। নরসিংদী ও গাজীপুর জেলা হাসপাতালের যন্ত্রপাতি ক্রয় কাজে স্বচ্ছতা আনায়নে অতি শীঘ্রই পরিদর্শন সমাপ্ত করার জন্য সভাপতি মহোদয় নির্দেশ প্রদান করেন। | (১) কর্মপরিকল্পনা মোতাবেক নিকডু, এনআইসিভিডি, ইএনটি এবং বক্ষব্যাধি হাসপাতাল/ প্রতিষ্ঠানে পরিদর্শন কাজ জানুয়ারী ২০২১ মাসে শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) ৮টি বিভাগের ১টি তে পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(৩) নরসিংদী ও গাজীপুর জেলা হাসপাতালের যন্ত্রপতি ক্রয় কাজে স্বচ্ছতা আনায়নে অতি শীঘ্রই পরিদর্শন সমাপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | (১) পরিচালক, হাসপাতাল ও ক্লিনিকসমূহ,<br>(২) সদস্য- সচিব |
| ৩.২ | জেলা হাসপাতালসমূহে ক্রয়কৃত ভারী যন্ত্রপাতি স্থাপন পরবর্তী ব্যবহার কার্যক্রম পরিদর্শন | জেলা হাপাতালসমূহে ক্রয়কৃত শুধু ভারী যন্ত্রপাতি বলতে কি বুঝায় তা স্পষ্ট নয় বলে সভাপতি মহোদয় মন্ত্রণালয়ের প্রতিনিধিকে স্পষ্ট করার জন্য বলেন। জবাবে জানানো হয় এ্যাম্বুলেন্সসহ বেশী মূল্যের যন্ত্রপাতিকে বুঝানো হয়েছে। | হাসপাতালসমূহে শুধু ভারী যন্ত্রপাতি নয়, সকল যন্ত্রপাতি পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক, হাসপাতাল ও ক্লিনিকসমূহ এবং লাইন ডাইরেক্টর, হাসপাতাল সেবা ব্যবস্থাপনা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.৩ | বেসরকারি হাসপাতালের নিবন্ধন পরিবীক্ষণ | বেসরকারী হাসপাতালের নিবন্ধন বিষয়ে একটি তালিকা (নতুন ও নবায়ন) শুদ্ধাচার কমিটির সদস্য-সচিবকে প্রদানের বিষয়ে আলোচনা হয়। পরিচালক, হাসপাতাল ও ক্লিনিকসমূহ থেকে সদস্য-সচিব যোগাযোগ করে তথ্যাদি সংগ্রহ করার জন্য বলা হয়। | বেসরকারী হাসপাতালের নিবন্ধন বিষয়ে একটি তালিকা (নতুন ও নবায়ন) শুদ্ধাচার কমিটির সদস্য-সচিব যোগাযোগ করে তথ্য হালনাগাদ করবেন মর্মে সিদ্ধান্ত হয়। | সদস্য-সচিব/বিকল্প সদস্য-সচিব, শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি |
| ৩.৪ | অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ (শাখা অফিস পরিদর্শন ও সুপারিশ বাস্তাবয়ন, অভিয়োগ নিষ্পত্তিকরণ) | অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ (শাখা অফিস পরিদর্শন ও সুপারিশ বাস্তাবয়ন, অভিয়োগ নিষ্পত্তিকরণ) বিষয়ে সদস্য-সচিব ও উপপরিচালক, এমআইএস সভায় অবহিত করেন যে, এমআইএস-এর মাধ্যমে উহা নিয়মিত করা হয়। | অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ (শাখা অফিস পরিদর্শন ও সুপারিশ বাস্তাবয়ন, অভিয়োগ নিষ্পত্তিকরণ) আরও গতিশীল করার সিদ্ধান্ত হয়। | উপ-পরিচালক, এমআইএস ও সদস্য-সচিব, শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি |

সভাপতি মহোদয় অক্সিজেন সরবরাহ সিস্টেম সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কেন সরবরাহ হচ্ছে না তা পরিচালক, সিএমএসডি-র প্রতিনিধির নিকট জানতে চান। সিএমএসডি-র প্রতিনিধি সভায় ক্রয় প্রক্রিয়া সম্পর্কে প্রথমে সভায় অবহিত করেন। পিডব্লিউডি কর্তৃক অবকাঠামো নির্মাণ না হওয়া এবং সময়মত বিতরণ তালিকা না পাওয়ায় অক্সিজেন প্লান্ট সরববার করা সম্ভব হচ্ছে না বলে সভায় অবহিত করেন। পরিচালক, হাসপাতাল ও ক্লিনিকসমূহ এ বিষয়ে আপত্তি উত্থাপন করেন এবং অধিদপ্তর হতে প্রেরিত তালিকা সিএমএসডি-র মাধ্যমে পরিবর্তন করা হয়েছে বলে সভায় অবহিত করেন। সভাপতি মহোদয় এ বিষয়ে তদন্ত হবে বলে সভায় অবহিত করেন। একই সাথে পরিচালক, হাসপাতালকে যে সকল প্রতিষ্ঠানে অবকাঠামো রয়েছে, যন্ত্রপাতি মজুদ রয়েছে ঐ সকল প্রতিষ্ঠানে অতি দ্রুত সময়ে অক্সিজেন প্লান্ট স্থাপনের জন্য নির্দেশ প্রদান করেন। পিডব্লিউডিকে পত্র মারফত অনুরোধ জানিয়ে দ্রুততম সময়ে অবকাঠামো নির্মাণ কাজ সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিচালক মহোদয়কে অনুরোধ জানান।

কমিটির সদস্যগণ সময়মত এবং অনেকে উপস্থিত না থাকায় আগামী বৃহস্পতিবার সকাল ৯ টায় কমিটির সভা পুণঃ আহবানের জন্য সভাপতি মহোদয় সিদ্ধান্ত প্রদান করেন।

আর কোন বিশেষ আলোচনা না থাকায় সভাপতি মহোদয় পুণরায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১/১২/২১

(অধ্যাপক ডা: আহমেদুল কবীর)
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

স্মারকনং- স্বাঃঅধিঃ/এমআইএস-জাতীয় শুদ্ধাচার/২০২১/ ০-৪১/১(৬) তারিখঃ০২/ ০১ /২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রদান করা হলো (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক (সমন্বয়)।
২। অতিরিক্ত মহাপরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩। পরিচালক/লাইন ডাইরেক্টর, প্রশাসন/পরিকল্পনা ও মনিটরিং/সিবিএইচসি/হাসপাতাল/এমআইএস/অর্থ/সিএমএসডি/এনএনএস/------------ স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৪। উপ-পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। উপসচিব (প্রশাসন-৪ শাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। অফিস কপি।

2/1/2022

(ডা: শাহ্ মোহাম্মদ জসিম উদ্দিন)
উপ-পরিচালক, এমআইএস
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ও
সদস্য সচিব, জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি